



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



নং ৩৭.০৪.২৬৬৩.৩০০.০৬.০১৭.১৫- ১৬৮৭

তারিখ : ০২/১২/২০২০
১৫/০৩/২০২০

বিষয় : জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৮ প্রেরণ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর খসড়া গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৮ নায়েম এর ৩৬তম বিওজি সভায় অনুমোদিত হওয়ার পর এর আর্থিক বিষয়াদি অনুমোদনের উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয় আর্থিক বিষয়াদি অনুমোদনপূর্বক মতামত চেয়ে শিক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করে (অর্থ বিভাগের স্মারক নং : ০৭.০০.০০০০.১০২.২০.০০২.১৫-৫৫৭ তারিখ : ০২/০৯/২০১৯ খ্রি. [পতাকা-ক])। উক্ত পত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী কার্যক্রম চালিয়ে যেতে নির্দেশ প্রদান করে (সূত্র নং : ৩৭.০০.০০০০.০৮৪.১৮.০০৬.১৮.২৭২/১(২) তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০১৯ [পতাকা-খ])।

উক্ত নির্দেশনার প্রেক্ষিতে আর্থিক বিষয়াদিতে অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় সংশোধনপূর্বক (নীতিমালার চতুর্থ অধ্যায়ের ৯ এবং ১০ নং পৃষ্ঠা দ্রষ্টব্য)। চূড়ান্ত নায়েম গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৮ (পতাকা-গ) প্রেরণ করা হলো।

(প্রফেসর আহাম্মেদ সাজ্জাদ রশীদ)

মহাপরিচালক

ফোন : ৫৫১৬৭৫২৮

ই-মেইল : info@naem.gov.bd

✓ সচিব

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

(দৃষ্টি আকর্ষণ : মো. ইব্রাহিম ভূঞা)
উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

নং ৩৭.০৪.২৬৬৩.৩০০.০৬.০১৭.১৫- ১৬৮৭/২ (৪)

তারিখ : ০২/১২/২০২০
১৫/০৩/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ডকুমেন্টেশন অফিসার, নায়েম;
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম;
৩. পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)-এর ব্যক্তিগত সহকারী, নায়েম;
৪. অফিস নথি সংরক্ষণ।

(রোকসানা বিলকিস)

পরিচালক (গবেষণা ও তথ্যায়ন), নায়েম

ফোন : ৫৫১৬৭৫৩১/ ০১৭৪৩৪৮৩০৭৮

ই-মেইল : rddivision.naem@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ধানমন্ডি, ঢাকা-১২০৫

গবেষণা নীতিমালা (সংশোধিত) - ২০১৮
২৭ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরস এর
৩৬তম সভায় অনুমোদিত

সূচিপত্র

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
প্রথম অধ্যায়	ভূমিকা	০২
দ্বিতীয় অধ্যায়	গবেষণা কার্যক্রমের উদ্দেশ্য	০৩
তৃতীয় অধ্যায়	গবেষণা কার্যক্রমের ব্যবস্থাপনা ও পরিচালনার শর্তাবলি	৪-৮
চতুর্থ অধ্যায়	গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা	৯-১১
পঞ্চম অধ্যায়	গবেষণা নীতিমালা প্রয়োগ এবং অন্যান্য শর্তাবলি	১২
ষষ্ঠ অধ্যায়	পরিশিষ্ট (০১-০৩)	১৩-১৭

১

২০১৭/১৮

প্রফেসর ড. সিরাজ হোসেন
বিসিএস (স্বাধীন শিক্ষা), আইডি-০৩৫৮
পরিচালক (গবেষণা ও তথ্যসমন্বয়)
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নস)
শিক্ষা মন্ত্রণালয়, ধানমন্ডি, ঢাকা-১২

প্রথম অধ্যায়

ভূমিকা

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) ২০০৩-০৪ অর্থবছর থেকে গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। সময়ের প্রেক্ষিতে গবেষণা কার্যক্রমের বিষয়বস্তুর ব্যাপকতা লাভ করেছে এবং গবেষণা কার্যক্রমের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত বাজেট সময়ে সময়ে বৃদ্ধি পেয়েছে। নায়েম-এর বিদ্যমান গবেষণা নীতিমালাটি সর্বশেষ ২০০৮ সালে সংশোধিত হয়েছে। এমতাবস্থায় এই নীতিমালাটি পরিমার্জনের প্রয়োজনীয়তা আবশ্যিক। জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর অন্যতম প্রধান লক্ষ্য দেশব্যাপী সুষ্ঠু ও কার্যকর শিক্ষা ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণ। এ লক্ষ্য অর্জনের জন্য নায়েম নিম্নোক্ত কর্মসমূহ সম্পাদন করে :

- মাধ্যমিক ও উচ্চশিক্ষা স্তরের শিক্ষা ব্যবস্থাপক, শিক্ষা প্রশাসক ও শিক্ষকগণকে শিক্ষা ব্যবস্থাপনা, পরিকল্পনা ও উন্নয়ন পদ্ধতি, অফিস ব্যবস্থাপনা, শিক্ষা গবেষণা পদ্ধতি, প্রকল্প ব্যবস্থাপনা ও প্রশাসন পরিচালনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান এবং কার্যকরী শিক্ষণ-শিখন কার্যক্রমের উন্নয়ন সাধন বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা;
- শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক গবেষণা কর্ম সম্পাদন, কর্মসহায়ক গবেষণা পরিচালনা করা;
- শিক্ষা প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে যুগোপযোগী পরিকল্পনা গ্রহণ করা।

১.০ নামকরণ ও প্রারম্ভিকতা

এ গবেষণা নীতিমালাটি জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর গবেষণা নীতিমালা (সংশোধিত) - ২০১৮ নামে অভিহিত হবে।

১.১ সংজ্ঞা

এ নীতিমালার জন্য নিচের সংজ্ঞা/ব্যাখ্যা প্রযোজ্য হবে

- (ক) 'বিওজি' বলতে নায়েমের বোর্ড অব গভর্নরসকে বোঝাবে;
- (খ) 'অনুষদ সদস্য' বলতে নায়েমের প্রশিক্ষককে বোঝাবে;
- (গ) 'প্রশিক্ষণ কার্যক্রম' বলতে প্রশিক্ষণ প্রদানকে বোঝাবে;
- (ঘ) 'গবেষণা ও তথ্যায়ন' বিভাগ বলতে নায়েমের গবেষণা ও তথ্যায়ন বিভাগকে বুঝাবে;
- (ঙ) 'প্রশাসন ও অর্থ' বিভাগ বলতে নায়েমের প্রশাসন ও অর্থ বিভাগকে বুঝাবে;
- (চ) 'গবেষণা কমিটি' বলতে গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নায়েম কর্তৃক গঠিত উপদেষ্টা, কার্যকরী ও মূল্যায়ন কমিটিকে বোঝাবে।

২৬/১১/১৮

প্রফেসর ড. মোঃ লোকমান ও
মিসেস (সাধারণ শিক্ষা), আইডি
পরিচালক (গবেষণা ও তথ্য
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একা
শিক্ষা মন্ত্রণালয়, যশমতি,

দ্বিতীয় অধ্যায়

গবেষণা কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য

২.০ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর গবেষণা কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য নিম্নরূপ:

২.১ লক্ষ্য


মাধ্যমিক ও উচ্চ শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে নায়েমের অনুষদ সদস্য, শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাগণের জন্য গবেষণায় দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির সুযোগ সৃষ্টি করা।

২.২ উদ্দেশ্য

- (ক) নায়েমের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে অনুষদ সদস্যগণের মধ্যে গবেষণা প্রণোদনা সৃষ্টি করা;
- (খ) শিক্ষক প্রশিক্ষণ সংক্রান্ত চলমান কার্যক্রমে গবেষণালব্ধ জ্ঞানের প্রয়োগ, উদ্ভাবন ক্ষমতার বিকাশ সাধন ও পেশা-দারিত্বের উন্নয়ন;
- (গ) শিক্ষার গুণগতমান উন্নয়নের সাথে সংশ্লিষ্ট বিদ্যমান বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের উপায় উদ্ভাবনে গবেষণা কার্যক্রম পরিচালনা;
- (ঘ) জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষা সংশ্লিষ্ট গবেষণাবর্মী প্রতিষ্ঠানের সাথে গবেষণালব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় এবং গবেষণা পরিচালনায় দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন;
- (ঙ) গবেষণা নির্ভর জ্ঞান অর্জনের মাধ্যমে দেশের শিক্ষা বিষয়ক নীতি নির্ধারণে শিক্ষা মন্ত্রণালয়কে সহায়তা প্রদান;
- (চ) একাডেমি পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের কার্যক্রম, উদ্দেশ্য, পরিধি, বিষয়বস্তু ও প্রশিক্ষণ পদ্ধতি বাস্তবধর্মী এবং সমন্বয়যোগ্যকরণে সহায়তা প্রদান ও ফলপ্রসূতা যাচাইকরণ;
- (ছ) শিক্ষার উন্নয়নে গৃহীত প্রকল্প সমূহের কার্যকারিতা যাচাইকরণ;
- (জ) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার অনুরোধে/অর্থায়নে শিক্ষাসংশ্লিষ্ট গবেষণা পরিচালনা।

২.৩ গবেষণার পরিধি

- (ক) নায়েমের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহারের মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ চাহিদা নিরূপণ, গবেষণালব্ধ জ্ঞানের প্রয়োগ, প্রশিক্ষণের প্রভাব নিরূপণ, প্রশিক্ষণ উপকরণ তৈরি ও প্রশিক্ষণ কারিকুলাম, পাঠ্যসূচি এবং পদ্ধতির উন্নয়ন;
- (খ) এ নীতিমালা নায়েমের তহবিলের উৎস নির্বিশেষে প্রাপ্ত (রাজস্ব বা উন্নয়ন বাজেট, প্রকল্প, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক প্রক্রিয়ায় প্রাপ্ত বা অন্য যে কোন উৎস থেকে প্রাপ্ত) অর্থের মাধ্যমে প্রশিক্ষণের মানোন্নয়ন, শিক্ষা প্রতিষ্ঠানেও শ্রেণিকক্ষে শিক্ষাদান কার্যক্রমের উন্নয়ন, শিক্ষা ব্যবস্থাপনা পদ্ধতিকে গুণগত শিক্ষার লক্ষ্য অর্জনে সহায়তা করা ও শিক্ষা প্রশাসন ব্যবস্থার সার্বিক উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনা;
- (গ) নায়েমের প্রশিক্ষণ কার্যক্রমের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনা ;
- (ঘ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়।


প্রফেসর ড. মোঃ মোস্তাফিজ হোসেন
বিশিষ্ট উপ-সচিব (শিক্ষা), নায়েম
সহকারী সচিব (গবেষণা ও উন্নয়ন)
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়, মাদারাত, ঢাকা-১২০৫

তৃতীয় অধ্যায়

গবেষণা কার্যক্রমের ব্যবস্থাপনা

৩.০ নায়েম গবেষণা কমিটির পরিধি

একাডেমির গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি গবেষণা কমিটি থাকবে। তবে একাডেমির গবেষণা ও তথ্যায়ন বিভাগ মূলত সকল কর্মকান্ড তদারকি করবে। নায়েম গবেষণা কমিটির ০৩ (তিন)টি অংশ থাকবে -

- (১) উপদেষ্টা কমিটি
- (২) কার্যকরী কমিটি এবং
- (৩) মূল্যায়ন কমিটি।

০৩ (তিন) টি অংশের কাঠামো হবে নিম্নরূপ:

নায়েম গবেষণা উপদেষ্টা কমিটি

(ক)	সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা	মুখ্য উপদেষ্টা
(খ)	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা	উপদেষ্টা
(গ)	মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা পরিষদ (বিআইডিএস), শেরে-ই-বাংলা নগর, ঢাকা	উপদেষ্টা

কার্যকরী কমিটি

(ক)	মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)	সভাপতি
(খ)	পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম, ঢাকা	সদস্য
(গ)	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), নায়েম, ঢাকা	সদস্য
(ঘ)	পরিচালক (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) সাভার, ঢাকা	সদস্য
(ঙ)	পরিচালক (গবেষণা ও প্রকাশনা), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) নীলক্ষেত, ঢাকা	সদস্য
(চ)	পরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা পরিষদ (বিআইডিএস), শেরে-ই-বাংলা নগর, ঢাকা	সদস্য
(ছ)	শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আই. ই. আর.), ঢাকা বিশ্ববিদ্যালয় / যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান-এর অধ্যাপক পদমর্যাদা সম্পন্ন প্রতিনিধি/স্বনামধন্য গবেষক	সদস্য
(জ)	পরিচালক (গবেষণা ও তথ্যায়ন), নায়েম, ঢাকা	সদস্য সচিব

মূল্যায়ন কমিটি

(ক)	শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আই. ই. আর.), ঢাকা বিশ্ববিদ্যালয় / যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান-এর অধ্যাপক পদমর্যাদা সম্পন্ন প্রতিনিধি/স্বনামধন্য গবেষক	সভাপতি
(খ)	পরিচালক (গবেষণা ও প্রকাশনা), জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) নীলক্ষেত, ঢাকা	সদস্য
(গ)	পরিচালক, সমাজ বিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা	সদস্য
(ঘ)	পরিচালক (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) সাভার, ঢাকা	সদস্য
(ঙ)	পরিচালক, জাতীয় শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা	সদস্য
(চ)	উপপরিচালক (গবেষণা ও তথ্যায়ন), নায়েম, ঢাকা (পর্যায়ক্রমে বিভাগীয় উপপরিচালকবৃন্দ সদস্য সচিব পদে দায়িত্ব পালন করবেন)	সদস্য সচিব

৩.১ গবেষণা কমিটিসমূহের কার্যপরিধি

উপদেষ্টা কমিটি

- ক) গবেষণা কার্যক্রমে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
- খ) গবেষণাক্ষেত্র চিহ্নিতকরণে গঠিত কার্যকরী কমিটিকে সার্বিক পরামর্শ প্রদান।

কার্যকরী কমিটি

- ক) গবেষণা প্রস্তাব অনুমোদন, অগ্রগতি যাচাই সাপেক্ষে প্রতিবেদন দাখিল করার সম্মতি প্রদান, চূড়ান্ত প্রতিবেদন অনুমোদন ইত্যাদি;
- খ) গবেষণা কার্যক্রম সম্পাদনে সার্বিক দিক নির্দেশনা প্রদানের জন্য প্রতি অর্ধবছরে কমপক্ষে ০২ (দুই) টি এবং প্রয়োজনে বিশেষ সভা অনুষ্ঠান; গবেষণা প্রস্তাব মূল্যায়নের জন্য প্রতি ০২ (দুই) বছর পর পর মূল্যায়ন কমিটি পূর্ণগঠনের সুপারিশ/গঠন;
- গ) চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটি গঠনের সুপারিশ/গঠন;
- ঘ) সময়ের প্রয়োজনে অথবা উদ্ভূত পরিস্থিতি মোকাবেলার জন্য গবেষণা নীতিমালা পরিমার্জন বা সংশোধনের সুপারিশ।

মূল্যায়ন কমিটি

মূল্যায়ন কমিটির দু'টি অংশ থাকবে। প্রথম অংশ : গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন কমিটি, দ্বিতীয় অংশ : চলমান ও চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন কমিটি এবং মূল্যায়ন প্রক্রিয়া তিনটি ধাপে সম্পন্ন হবে, যেমন : প্রাক-মূল্যায়ন, চলমান মূল্যায়ন ও চূড়ান্ত মূল্যায়ন (প্রতিবেদন দাখিল পরবর্তী মূল্যায়ন)।

১. গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন কমিটি গবেষণা ও তথ্যায়ন বিভাগ কর্তৃক উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত গবেষণাসমূহ নির্ধারিত কাঠামো এবং নম্বরের ভিত্তিতে উৎকর্ষতা অনুযায়ী মূল্যায়ন করবেন।
২. চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন কমিটি চূড়ান্ত গবেষণা প্রতিবেদন যাচাইপূর্বক সেটি দাখিলযোগ্য কিনা সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং এই মর্মে প্রত্যয়ন দিবেন। দাখিলযোগ্য না হলে সংশ্লিষ্ট দলসমূহকে প্রয়োজনীয় পরামর্শ দিবেন।

৩.২ গবেষণা প্রস্তাবনার কাঠামো

গবেষণা প্রস্তাবনার কাঠামো : গবেষণা প্রস্তাবনার রূপরেখা বা কাঠামো নিম্নরূপ হতে পারে :

গবেষণার প্রস্তাবনার শিরোনাম (Title of the Research)

(ক) ভূমিকা (Introduction)

সমস্যার বিবৃতি (Statement of the Problem)

গবেষণা বিষয়ের গুরুত্ব ও যৌক্তিকতা (Importance and Rationale of the Study)

গবেষণার উদ্দেশ্য (Objective(s) of the Study)

প্রস্তাবিত গবেষণার সঙ্গে সংশ্লিষ্ট বা সম্পর্কিত গবেষণাকর্মের পর্যালোচনা (Review of Literature)

অনুমিত সিদ্ধান্ত/ গবেষণা প্রশ্ন (Formulation of Hypothesis / Research Questions)

(খ) গবেষণা পদ্ধতি (Research Methodology), এ অংশের অন্তর্ভুক্ত বিষয়সমূহ -

নমুনাগণনা (Sampling)

উপাত্তের উৎস ও সংগ্রহের পদ্ধতি (Sources of Data and Methods of Data Collection)

উপাত্ত সংগ্রহের উপকরণ (Tools of Data Collection)

উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন পদ্ধতি (Methods of Data analysis and Presentation Techniques)

ধারণাগত কাঠামো (Conceptual Framework)


গবেষণাকর্ম সম্পাদনের কর্মপরিকল্পনা (Work Plan) ও

প্রত্যাশিত ফলাফল (Expected Results)

বাজেট (Budget)

গ্রন্থপঞ্জি (Bibliography/References)

গবেষণা দলের যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ (Qualification and Experience of Research Team)


প্রফেসর ড. মোঃ লোকমান হোসেন
নির্বাহক (সিআরএন শিক্কা), অফিস-৩৩৩৮
পড়িলাক (নরেন্দ্রা ও তথ্যায়ন)
শ্রী শিক্কা সংস্থাপনা প্রকল্পের (সিআরএন)
মন্ত্রণালয়, মনসিই, ঢাকা-১২০৮

৩.৩ গবেষণা কার্যক্রম সম্পাদনের সময়সূচি/কর্মপরিকল্পনা

ক্রমিক	কার্যক্রম	দায়িত্ব	মাস (প্রতিবছর)
(ক)	গবেষণা প্রস্তাবনা আহ্বান	সদস্য সচিব, কার্যকরী কমিটি	জানুয়ারি
(খ)	গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন	মূল্যায়ন কমিটি	ফেব্রুয়ারি-মার্চ
(গ)	গবেষণা প্রস্তাব অনুমোদন/চূড়ান্তকরণ/সম্মতিপত্র প্রদান	কার্যকরী কমিটি, নায়েম	জুন
(ঘ)	গবেষণা প্রস্তাবনার উপর সেমিনার	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	জুলাই
(ঙ)	গবেষণা প্রস্তাবের অনুকূলে দাণ্ডরিক আদেশ প্রদান ও উপাত্ত সংগ্রহের উপকরণ চূড়ান্তকরণ সেমিনার আয়োজন (জারিকরণ থেকে সময় গণনা শুরু হবে)	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	জুলাই/আগস্ট
(চ)	প্রথম খসড়া রিপোর্ট-এর উপর সেমিনার	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	ডিসেম্বর
(ছ)	দ্বিতীয় খসড়া রিপোর্ট-এর উপর সেমিনার	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	ফেব্রুয়ারি
(জ)	চূড়ান্ত রিপোর্ট-এর উপর সেমিনার	গবেষণা ও তথ্যায়ন বিভাগ	মার্চ
(ঝ)	গবেষণার চূড়ান্ত প্রতিবেদন জমাদান (সফট ও হার্ডকপি)	গবেষণা দল	এপ্রিল

৩.৪ গবেষণা দল গঠন

(ক) গবেষণা দলের গঠন

গবেষণাদলের পরামর্শক	০১ জন
গবেষণাদলের দলনেতা	০১ জন
গবেষণাদলের সদস্য	০২ জন

(খ) পরামর্শক

- এমফিল/ পিএইচডি ডিগ্রি আছে অথবা শিক্ষা ও সামাজিক বিজ্ঞান সংশ্লিষ্ট গবেষণায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা আছে এমন ব্যক্তি গবেষণা প্রকল্পের পরামর্শক হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন;
- নায়েম গবেষণা কমিটির কোন সদস্য গবেষণাকর্মের পরামর্শক হবেন না;
- একজন গবেষক এক অর্থবছরে সর্বোচ্চ একটি গবেষণা কর্মের পরামর্শক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

(গ) দলনেতা ও সদস্য

৩.৫ দলনেতা ও সদস্যগণের যোগ্যতা

- দলনেতা এমফিল বা পিএইচডি ডিগ্রীধারী হবেন/প্রতিষ্ঠিত জার্নালে প্রকাশিত তাঁর কমপক্ষে ০৫ (পাঁচ) টি গবেষণাপত্র থাকতে হবে;
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে আত্মীয় নায়েমের অনুষদ সদস্য (প্রশিক্ষক), শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাগণ নায়েম গবেষণা দলের সদস্য হতে পারবেন। প্রতিটি গবেষণা দলে নায়েম-এর কমপক্ষে ০১ (একজন) অনুষদ সদস্য (প্রশিক্ষক) অন্তর্ভুক্ত রাখতে হবে। নায়েম পরিচালিত শিক্ষা গবেষণা পদ্ধতি প্রশিক্ষক কোর্স সম্পাদনকারী শিক্ষকগণ গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন;
- একজন গবেষক একটি গবেষণা প্রস্তাব দাখিল করতে পারবেন;

(ঘ) অনুমোদিত গবেষণা টিমে/দলে কোনো পরিবর্তন প্রয়োজন হলে তা গবেষণা ও তথ্যায়ন বিভাগের মাধ্যমে গবেষণা কমিটির অনুমোদনক্রমে পরিবর্তন করতে হবে;

(ঙ) নায়েমের কোন অনুষদ সদস্য অন্যত্র বদলী হয়ে গেলেও তিনি চলমান গবেষণাকর্ম সম্পন্ন করতে পারবেন;

(চ) গবেষণাকর্মের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কর্মকাল বলে গণ্য করা হবে। উক্ত ভ্রমণের জন্য গবেষণা প্রকল্পের বাজেট হতে ভ্রমণ ব্যয় নির্বাহ করতে হবে। নায়েমের রাজস্ব বাজেট হতে আলাদাভাবে ভ্রমণ ভাতা দেওয়া হবে না।

৩.৬ গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন কমিটি

(ক) কার্যকরী কমিটি নায়েম গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন কমিটি গঠন করবেন। মূল্যায়নকারী সদস্যগণ পরপর দুইবারের অধিক মূল্যায়নকারী বিবেচিত নাও হতে পারেন;

(খ) গবেষণা দলের কোন সদস্য গবেষণা প্রস্তাবনা মূল্যায়নকারী হবেন না;

(গ) কার্যকরী কমিটির সুপারিশক্রমে মহাপরিচালক, নায়েম বহির্ভূত ১ (এক) জন বিশেষজ্ঞ ও নায়েমের ১ (এক) জন অনুষদ সদস্য সমন্বয়ে মূল্যায়ন কমিটি গঠন করবেন যাদের দ্বারা চূড়ান্ত গবেষণা রিপোর্ট মূল্যায়িত হবে। খসড়া ও চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন সেমিনারে গবেষণা প্রস্তাবনা মূল্যায়নকারী সদস্যগণ উপস্থিত থাকবেন। উল্লেখ্য কোন মূল্যায়নকারী কোন কারণে সেমিনারে উপস্থিত হতে না পারলে তিনি মহাপরিচালক, নায়েমকে অবহিত করবেন। মহাপরিচালক, নায়েম সার্বিক অবস্থা বিবেচনা করে বিশেষ সময়ের জন্য একজন গবেষণা কমিটির সদস্যকে মূল্যায়নকারী হিসেবে নির্বাচন করবেন।

৩.৭ গবেষণা প্রস্তাব পর্যালোচনা এবং অনুমোদন প্রক্রিয়া

(ক) গবেষণা ও তথ্যায়ন বিভাগ প্রতি বছর জানুয়ারি মাসে পরবর্তী অর্থ বছরের জন্য গবেষণা প্রস্তাবনা আহ্বান করবেন;

(খ) কমপক্ষে ২(দুই)টি জাতীয় পত্রিকায় (০১টি বাংলা এবং ০১টি ইংরেজি) বিজ্ঞপ্তির মাধ্যমে এবং নায়েম ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে গবেষণা প্রস্তাবনা আহ্বান করা হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়, প্রশিক্ষণ ইনস্টিটিউট, গবেষণা প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তির কপি প্রেরণ করা হবে এবং ই-মেইল-এ request letter পাঠানো হবে;


(গ) গবেষণা প্রস্তাবনা যথাযথ কাঠামো অনুযায়ী প্রণয়ন করা হয়েছে কি না সেইগুণি নিয়ে গবেষণা ও তথ্যায়ন বিভাগ প্রতি বছরের মার্চ মাসে বিভাগের সকল অনুষদ সদস্যগণকে নিয়ে একটি সভার আয়োজন করবে এবং সভায় তা যাচাই-বাছাইপূর্বক মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির কাছে প্রেরণ করবে;

(ঘ) যে সকল অনুষদ সদস্য গবেষণা প্রস্তাবনা দাখিল করবেন, তাঁরা বাছাই পর্বে অংশ নিতে পারবেন না;

(ঙ) ন্যূনতম ৫০% নম্বর প্রাপ্ত গবেষণা প্রস্তাবনাসমূহ অনুমোদনের জন্য গবেষণা কমিটিতে (কার্যকরী কমিটি) উপস্থাপন করা হবে এবং বরাদ্দকৃত টাকায় যে কয়টি গবেষণা প্রকল্প পরিচালনা করা সম্ভব তার গুণগত দিক যাচাই করে অনুমোদন করা হবে;

(চ) গবেষণা ও তথ্যায়ন বিভাগ প্রতিটি অনুমোদিত গবেষণা প্রকল্পের অনুকূলে আদেশ জারি করবে;

(ছ) প্রতিটি গবেষণা প্রস্তাবনা ২০০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে, (গবেষণা প্রস্তাবনার অংশ ১৫০ নম্বর এবং জীবন বৃত্তান্ত অংশ ৫০ নম্বর)। মূল্যায়নকারী সদস্যগণ গবেষণা ও তথ্যায়ন বিভাগ কর্তৃক সুদৃষ্টিভিত্তিক ফরম্যাট অনুসরণ করে মূল্যায়ন করবেন (গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন ছক পরিশিষ্ট-১-এ লক্ষ্য করুন)।


প্রফেসর ড. মোঃ লোকমান হোসেন
বিসিএস (সাধারণ শিক্ষা), আইডি-০৩৩৮
পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়, ধানমন্ডি, ঢাকা-১২০৫

৩.৮ গবেষণা প্রস্তাবনা মূল্যায়নের ফলাফল

গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন শেষে নির্বাচিত দলগুলোকে ওয়েবসাইটে/সরাসরি পত্রযোগে অবহিত করা হবে।

৩.৯ গবেষণা প্রকল্পের মেয়াদ

গবেষণা প্রকল্পের মেয়াদ সাধারণভাবে অর্থবছরের মধ্যে সীমিত থাকবে তবে অনিবার্য কারণে কোন প্রকল্প সম্পন্ন করতে বিলম্ব হলে গবেষণা ও তথ্যায়ন বিভাগ-এর সুপারিশক্রমে নায়েম মহাপরিচালক প্রয়োজনবোধে এই সময়সীমা বৃদ্ধি করতে পারবেন।

৩.১০ গবেষণা প্রকল্পের কার্যক্রম আরম্ভ

গবেষণা প্রকল্প অনুমোদনের পর পরিচালক (গবেষণা ও তথ্যায়ন) প্রতিটি অনুমোদিত প্রকল্পের অনুকূলে দাপ্তরিক আদেশ জারি করবেন। কাজ শুরু দাপ্তরিক আদেশ জারির তারিখ থেকে প্রকল্পের আরম্ভ করার সময় গণনা করা হবে;

৩.১১ গবেষণা প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও উপস্থাপন

প্রতিটি প্রকল্পের পরামর্শক/দলনেতা তিনমাস অন্তর প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে (পরিশিষ্ট-২ এ ফরম 'ক') পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)-এর নিকট পেশ করবেন। গবেষণা ও তথ্যায়ন বিভাগের সভায় চলমান প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হবে।

৩.১২ সেমিনারে খসড়া প্রতিবেদন উপস্থাপন

(ক) প্রতিটি গবেষণা দল প্রকল্পের খসড়া প্রতিবেদনের ০৫(পাঁচ) কপি নায়েম গবেষণা কমিটির নিকট জমা দিবেন এবং

Power Point-এর মাধ্যমে সেমিনারে উপস্থাপন করবেন;

(খ) খসড়া প্রতিবেদন উপস্থাপন সেমিনারে গবেষণা দলের সকল সদস্যগণের অংশগ্রহণ বাধ্যতামূলক;

(গ) গবেষণা কমিটিতে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট গবেষক চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের ১০ (দশ) কপি গবেষণা ও তথ্যায়ন বিভাগে দাখিল করবেন।

৩.১৩ গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন ও অনুমোদন

(ক) এই নীতিমালার আলোকে মূল্যায়নকারীগণ গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন করবেন এবং প্রতিবেদন সম্পর্কে মতামত প্রদান করবেন। মূল্যায়ন ও মতামত প্রদানের ভিত্তি/গাইড লাইন (পরিশিষ্ট -৩ এ ফরম 'খ' লক্ষ্য করুন)।

(খ) প্রতিটি গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন সংশ্লিষ্ট মূল্যায়নকারীগণের মতামতের ভিত্তিতে গবেষণা কমিটি (কার্যকরী কমিটি) অনুমোদন করবেন।

৩.১৪ গবেষণা তথ্য ভাণ্ডার

(ক) গবেষণা ও তথ্যায়ন বিভাগ নায়েমের সকল গবেষণাকর্মের তথ্য ভাণ্ডার হিসেবে কাজ করবে;

(খ) নায়েম কর্তৃপক্ষ গবেষণা প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত তথ্য NAEM জার্নালে প্রকাশের মাধ্যমে দেশী বিদেশী সকল শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানে পৌঁছানোর ব্যবস্থা নিবে। প্রয়োজনে প্রতি বছর এক বা একাধিক শিক্ষা গবেষণা বিষয়ক সম্মেলনের আয়োজন করবে; সম্মেলন সম্পর্কিত ব্যয় নায়েম গবেষণা বাজেট থেকে সমন্বয় করা যেতে পারে।

(গ) নায়েম জার্নালটি যেহেতু আন্তর্জাতিক মানসম্পন্ন, তাই প্রতিটি আর্টিক্যাল বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ দ্বারা সংশোধন করে জার্নালে প্রকাশের উপযোগী (Peer Review) করে তোলার জন্য প্রয়োজনীয় মিকিউয়ার এবং সম্পাদনা কমিটির সদস্যদের সম্মানী নায়েম গবেষণা বাজেট থেকে সমন্বয় করা হবে।

চতুর্থ অধ্যায়

গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা

৪.১ তহবিলের উৎস

নিম্নলিখিত উৎসসমূহ থেকে গবেষণা প্রকল্পের তহবিল গঠিত হবে :

- (ক) নায়মের রাজস্ব বাজেটের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ এবং
(খ) সরকারের উন্নয়ন খাত, দেশী বিদেশী সংস্থা কর্তৃক গবেষণা পরিচালনার জন্য প্রদত্ত অর্থ।

৪.২ গবেষণা সংক্রান্ত ব্যয় নির্দেশনা

- (ক) মোট গবেষণা বাজেটের শতকরা ৮০ ভাগ অর্থ গবেষণা প্রকল্প পরিচালনা ও বাস্তবায়ন খাতে এবং অবশিষ্ট ২০ ভাগ অর্থ গবেষণা সহায়ক কর্মকাণ্ড যেমন : ওয়ার্কশপ, সেমিনার, জার্নাল সম্পাদনা ও বিবিধ খাতে ব্যয় করা যাবে। জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান বা সংস্থার সাথে দ্বিপাক্ষিক সহযোগিতা সৃষ্টির জন্য ওয়ার্কশপ, কনফারেন্স ও সেমিনার আয়োজন, সমাঝোতা স্মারক, যোগাযোগ স্থাপন ও রক্ষা, আপ্যায়ন ও বাসস্থান এর ব্যবস্থা ইত্যাদির জন্য মহাপরিচালক, নায়ম ও প্রয়োজনে বিওজির অনুমোদন সাপেক্ষে গবেষণা বাজেট হতে অর্থ ব্যয় করা যাবে;
(খ) নায়ম জার্নালটি Peer Reviewed Journal হিসেবে প্রকাশের জন্য প্রয়োজনীয় সম্পাদনা ব্যয়সহ গবেষণা কমিটির সেমিনারে অংশগ্রহণ এবং সমাপ্ত গবেষণা প্রকল্পের চূড়ান্ত মূল্যায়নের জন্য সম্মানী গবেষণা বাজেট হতে নির্বাহ করা হবে;

(গ) গবেষণা কমিটির প্রতি সভা / সেমিনারে অংশগ্রহণের জন্য এর সদস্যগণের সম্মানীর হার নিম্নরূপ :

ক্রম	পদের নাম	সম্মানীর হার
১.	মুখ্য উপদেষ্টা (শিক্ষা সচিব)	৩৫০০.০০
২.	উপদেষ্টা (জনপ্রতি)	২৫০০.০০
৩.	সভাপতি	৩০০০.০০
৪.	সহ-সভাপতি	২৫০০.০০
৫.	সদস্য (জনপ্রতি)	২৫০০.০০
৬.	সদস্য-সচিব	২৫০০.০০

৪.৩ গবেষণা প্রকল্পের বাজেট

প্রতিটি গবেষণাকর্ম সম্পাদনের জন্য গবেষণা বাজেট ন্যূনতম ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা।

৪.৪ গবেষণা প্রকল্পের ব্যয় বিভাজন

(ক) গবেষণা প্রকল্পের বাজেট (৮০%) ব্যয় বিভাজন নিম্নোক্ত উপায়ে হবে :

গবেষণাদলে অবস্থান এবং সম্মানী	মোট বরাদ্দ ও ব্যয় বিভাজন (%)
পরামর্শক	৫%
দলনেতা	১২%
সদস্য (২জন)	(৯% + ৯%) = ১৮%
উপাত্ত সংগ্রহ, যাতায়াত, স্টেশনারী ক্রয় ও অন্যান্য খাত	৬৫%
মোট =	১০০%

বি. দ্র : গবেষণা সহায়তা ব্যয় (গবেষণা সহযোগী ও সহকারীগণের সম্মানী; উপাত্ত সংগ্রহকারীগণের যাতায়াত ও দৈনিক ভাতা; উপাত্ত সংগ্রহের উপকরণ ক্রয়, খসড়া গবেষণা প্রতিবেদন, সেমিনারে উপস্থাপন ব্যয়; খসড়া প্রতিবেদন এবং চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও মুদ্রণ ব্যয়, প্রশ্নমালা, খসড়া ও চূড়ান্ত প্রতিবেদন পুনঃমুদ্রণ ব্যয়, প্রচ্ছদ ও বাঁধাই ব্যয়, স্টেশনারী ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় ও বিবিধ খাতে ব্যয় প্রকল্পের বরাদ্দকৃত বাজেট থেকে ব্যয় হবে (৬৫%)।

৪.৫ অনুমোদিত গবেষণা প্রকল্প ব্যতীত অন্যান্য গবেষণা সহায়ক কাজের জন্য বরাদ্দ

(ক) গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত গবেষণা প্রকল্প ব্যতীত অন্যান্য গবেষণা সহায়ক কাজ, যা এ নীতিমালার ২য় অধ্যায়ে বর্ণিত উদ্দেশ্যাবলির সাথে সামঞ্জস্যপূর্ণ, যেমন : ওয়ার্কশপ, সিম্পোজিয়াম, সেমিনার সংশ্লিষ্ট যে কোন অনুষ্ঠান আয়োজনের জন্য অর্থ ব্যয় করা যাবে। এ ক্ষেত্রে মোট প্রকল্প বাজেটের ৮০ ভাগ অর্থ প্রকল্প বাস্তবায়নে এবং অবশিষ্ট ২০ ভাগ অর্থ প্রকল্প সহায়ক কাজে ব্যয় করা যাবে। তবে প্রয়োজনের নিরিখে অর্থ ব্যয়ের শতকরা হার মহাপরিচালক, নায়েম এর অনুমতি সাপেক্ষে পরিবর্তন করা যাবে।

জাতীয় বা আন্তর্জাতিক শিক্ষা গবেষণা সম্মেলন আয়োজন বা গবেষণা সহায়ক সেমিনার/কর্মশালায় অংশগ্রহণকারীর সম্মানীর হার হবে নিম্নরূপ :

ক্রঃ নং	বিষয়	সম্মানীর হার
০১	মূল প্রবন্ধ উপস্থাপকের সম্মানী (জনপ্রতি)	৩৫০০.০০
০২	সেমিনার/ওয়ার্কশপ সঞ্চালকের সম্মানী (অধিবেশন প্রতি)	৩০০০.০০
০৩	সেমিনার/ওয়ার্কশপ সহায়ক কর্মচারীর সম্মানী (অনধিক ৩ জন)	১৫০০.০০
০৪	আলোচকের সম্মানী (অনধিক ৩ জন)	২৫০০.০০
০৫	র‍্যাপোর্টিয়ারের সম্মানী (অনধিক ২ জন)	২০০০.০০
০৬	সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীগণের সম্মানী	১০০০.০০

* বিদেশি এবং নায়েম-বহির্ভূত উৎসের অর্থায়নে পরিচালিত গবেষণার ক্ষেত্রে অর্থদাতাদের সাথে আলোচনা করে সম্মানীর পরিমাণ ও অন্যান্য শর্ত নির্ধারণ করা হবে।

৪.৬ মূল্যায়নকারী সদস্যগণের সম্মানী

(ক) প্রতি অর্থবছরে দাখিলকৃত গবেষণা প্রস্তাবনা চূড়ান্তভাবে নির্বাচনের লক্ষ্যে মূল্যায়নের জন্য মূল্যায়নকারীগণ প্রতি গবেষণা প্রস্তাবনার বিপরীতে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে সম্মানী পাবেন। প্রতিটি গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন কমিটির ৩ (তিন) জন সদস্য মূল্যায়ন করবেন।

(খ) গবেষণা প্রতিবেদনসমূহ চূড়ান্ত মূল্যায়নের জন্য মূল্যায়নকারী সদস্যগণ প্রত্যেকে ৩,০০০/- (তিন হাজার) টাকা হারে সম্মানী পাবেন।

৪.৭ গবেষণা প্রকল্পের অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ

(ক) প্রতিটি অনুমোদিত গবেষণা প্রকল্পের অর্থ দুই কিস্তিতে ছাড় করা যেতে পারে। গবেষণা প্রকল্প অনুমোদনের পর গবেষণা দলকে মোট প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের ১ম কিস্তির (সর্বোচ্চ ২৫%) অর্থ ছাড় করা যেতে পারে। সম্পাদিত গবেষণা কার্যক্রম সন্তোষজনক ভাবে প্রতীয়মান হওয়া সাপেক্ষে ২য় কিস্তির ৭৫% অর্থ ছাড় করা যেতে পারে। এক্ষেত্রে গবেষণা প্রতিবেদন সেমিনারে উপস্থাপন, সেমিনারের সুপারিশের ভিত্তিতে গবেষণা প্রতিবেদন সংশোধন, জার্নালে প্রকাশের জন্য মূল প্রতিবেদনের সারাংশ দাখিল এবং মূল্যায়নকারীর সন্তোষজনক মতামত প্রাপ্তি সাপেক্ষে গবেষণা কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান হলে দ্বিতীয় কিস্তির অর্থ ছাড় করা যেতে পারে। তবে সকল ক্ষেত্রেই মহাপরিচালক, নায়েম এর সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

(খ) গবেষণাদল সময়মত গবেষণা কাজের সমুদয় হিসাব গবেষণা ও তথ্যায়ন বিভাগে জমা দিবেন। গবেষণা ও তথ্যায়ন বিভাগ তা যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা করে হিসাব শাখায় জমা দিবেন। কোন গবেষণা কাজ নির্ধারিত সময়সীমার মধ্যে শেষ না হলে এবং তার যুক্তিসঙ্গত কারণ থাকলে গবেষণা কমিটির (কার্যকরী কমিটি) অনুমোদন সাপেক্ষে সময়সীমা

বাড়ানো যেতে পারে। বর্ধিত সময়সীমা এক অর্থ বছরের মধ্যে সীমাবদ্ধ রাখা বাঞ্ছনীয়, তবে বিশেষ ক্ষেত্রে বর্ধিত সময়সীমা পরবর্তী অর্থবছরে যেতে পারে। সে ক্ষেত্রে অবশিষ্ট অথবা সমুদয় প্রকল্প ব্যয় নতুন অর্থবছরের বাজেট হতে নির্বাহ করা হবে। বর্ধিত সময়সীমার জন্য প্রকল্পের মোট ব্যয় অপরিবর্তিত থাকবে এবং এর জন্য কোন অতিরিক্ত অর্থ বরাদ্দ করা হবে না।

৪.৮ গবেষণা প্রকল্পে নিয়োজিত গবেষকগণের (পরামর্শক, দলনেতা ও গবেষণাদলের সদস্য) লিখিত সম্মতিপত্র

(ক) গবেষণা প্রকল্পে নিয়োজিত পরামর্শক, দলনেতা ও গবেষণাদলের সদস্যগণ প্রত্যেকে নায়েমকে লিখিত সম্মতি-পত্র জ্ঞাপন করবেন যে তাঁরা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণা প্রকল্পের কাজ সম্পাদন করবেন। কোনো কারণে গবেষণা প্রকল্প অসম্পন্ন রেখে গবেষণা প্রকল্প থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) নায়েমকে ফেরত প্রদান করবেন। এই মর্মে ৩০০/- (তিনশত) টাকার (নন জুডিশিয়াল স্টাম্প-এ একটি অঙ্গীকার নামায় স্বাক্ষর করতে হবে;


(খ) অনুমোদিত গবেষণা প্রকল্পে গবেষকগণের পরিবর্তনের ক্ষেত্রে গবেষণা কমিটির (কার্যকরী কমিটি) অনুমোদন প্রয়োজন হবে। কোনো কারণে গবেষণা কমিটির সভা আয়োজনে বিলম্ব হলে পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)-এর মাধ্যমে নায়েমের মহাপরিচালকের নিকট হতে অনুমোদন গ্রহণ করতে হবে।

৪.৯ প্রকল্পের গৃহীত অর্থের জবাবদিহিতা ও অব্যয়িত অর্থ জমাদান

গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদনের ১০ (দশ) কপি জমা দেওয়া না হলে কিংবা প্রকল্প পরামর্শক/দলনেতা কর্তৃক প্রকল্পটি পরিত্যক্ত হলে উক্ত প্রকল্প বাতিল বলে গণ্য হবে এবং গৃহীত সমুদয় অর্থ প্রকল্প পরামর্শক/দলনেতা নায়েমের অর্থ বিভাগে ফেরত দেবেন। কোনো প্রকল্পের ব্যয় পরিশোধের পর অর্থ উদ্বৃত্ত থাকলে তা প্রকল্প পরামর্শক/দলনেতা অর্থ বিভাগে ফেরত দিবেন। প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা/তাঁদের উপর অর্পিত দায়িত্ব পালনে অসমর্থ হলে গৃহীত অর্থ প্রকল্প পরামর্শক/দলনেতা ফেরত দিতে বাধ্য থাকবেন।

৪.১০ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ

কোনো গবেষণা প্রকল্পের হিসাব সংক্রান্ত ব্যয়ে অডিট আপত্তি দেখা দিলে প্রকল্প পরামর্শক/দলনেতা অডিট আপত্তি নিষ্পত্তিকরণের দায়িত্ব বহন করবেন।


খামেসর ড. মোঃ জোকমান হোসেন
বিসিএস (সাহায্য শিক্ষা), আইসি-০৩৫৮
পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়, ধানমন্ডি, ঢাকা-১২০৫

পঞ্চম অধ্যায়

গবেষণা নীতিমালা প্রয়োগ ও পরিবর্তন এবং অন্যান্য শর্তাবলি

৫.০ গবেষণা প্রতিবেদনের স্বত্ব

নায়েম কর্তৃক পরিচালিত সকল গবেষণা কার্যক্রম ও প্রতিবেদনের স্বত্ব সংরক্ষণ নায়েমের নিকট ন্যস্ত থাকবে। নায়েম যে কোন সময় গবেষণা প্রকল্পের প্রতিবেদন প্রকাশ করতে পারবে, এই জন্য সংশ্লিষ্ট গবেষকের অনুমতির প্রয়োজন হবে না। তবে গবেষক নায়েমের অনুমতি সাপেক্ষে অন্য যে কোন স্থানে প্রকাশ করতে পারবেন।

৫.১ গবেষণা কাজের সমাপ্তি

গবেষণা কর্ম সমাপ্ত হওয়ার পর তা গবেষণা কমিটির সদস্য-সচিবের নিকট জমা দিতে হবে। গবেষণা প্রতিবেদন চূড়ান্ত মূল্যায়ন ও গ্রহণযোগ্যতার প্রত্যয়নপত্র প্রাপ্তি সাপেক্ষে গবেষণাকর্মের সমাপ্তি ঘটবে। পরিশিষ্ট -৩ এর ফরম 'গ' মোতাবেক গবেষণাকর্ম আরম্ভ হবার পর অগ্রগতি সন্তোষজনক না হলে বা সময়সীমা উত্তীর্ণ হয়ে গেলে গবেষণা কমিটি গবেষণা কর্মটি বাতিল করার ও প্রদত্ত অর্থ প্রত্যাহার সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে। গবেষণা ফলাফল জার্নালে প্রকাশের জন্য জার্নাল ফরমেট মোতাবেক সংক্ষিপ্তাকারে সফটকপি জমা দিতে হবে।


৫.২ গবেষণা নীতিমালার সংশোধন ও অন্যান্য শর্তাবলি

(ক) পরিবর্তিত সময়ের চাহিদা অনুযায়ী কিংবা উদ্ভূত পরিস্থিতি মোকাবেলার জন্য যদি গবেষণা নীতিমালায় পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধনের প্রয়োজন দেখা দেয় তাহলে গবেষণা কমিটির সুপারিশক্রমে মহাপরিচালক, নায়েম উক্ত পরিবর্তন করতে পারবেন ও বোর্ড অব গভর্নরস এর অনুমোদন গ্রহণ করবেন;

(খ) নায়েমের রাজস্ব বাজেট, উন্নয়ন বাজেট, প্রকল্প বাজেট এবং দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক প্রক্রিয়ায় প্রাপ্ত ও অন্য যে কোনো উৎস হতে প্রাপ্ত অর্থের দ্বারা পরিচালিত গবেষণা প্রকল্প এবং পরামর্শদানমূলক গবেষণাকর্মের ক্ষেত্রেও এই নীতিমালা প্রযোজ্য হবে। তবে ব্যক্তিগত উদ্যোগে অন্য যে-কোনো উৎস হতে প্রাপ্ত অর্থের দ্বারা পরিচালিত কোনো গবেষণা প্রকল্পের সাথে কোনো কর্মকর্তা/নায়েম অনুবদ সদস্য সম্পৃক্ত হলে তা এই গবেষণা নীতিমালার আওতায় আসবে না;

(গ) সরকার অথবা বোর্ড অব গভর্নরস-এর নির্দেশক্রমে গৃহীত কোনো গবেষণা প্রকল্পের ক্ষেত্রে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ বোর্ড অব গভর্নরস-এর পক্ষে মহাপরিচালক, নায়েম কর্তৃক অনুমোদিত হবে;

(ঘ) নায়েম গবেষণা নীতিমালা অনুযায়ী গবেষণা প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।


ড. মোঃ মোকম্মাদ হোসেন
বিসিএস (সামান্য শিক্ষা), আইডি-০৩৫৮
পরিচালক (গবেষণা ও মূল্যায়ন)
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়, ধানমন্ডি, ঢাকা-১২০৫

পরিশিষ্ট -১


(গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন ছক)

Indicators and Marks Allocation														
Appropriateness of the Research Title Selection	Chapter-1 Introduction	Statement of the Problem	Importance & Rationale of the Study	Objectives of the Study	Chapter-2 Literature Review	Scope of the Study	Chapter-3 Methodology	Work Plan	Budget Justification	Research Tools/ Instruments	Bibliography/References	Eligibility of Research Team	Total Marks Obtained	Remarks
10	10	10	10	10	20	10	20	10	10	20	10	50	200	

মূল্যায়নক্ষেত্রে সংশ্লিষ্ট সূচকের উপর ভিত্তি করে নিম্নোক্ত ওয়েটেজ বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে নম্বর প্রদান করুন।

০১. গবেষণার বিষয় / শিরোনাম নির্বাচন (Appropriateness of the Research Title Selection)
[স্পষ্ট নয়-০, আংশিক স্পষ্ট-৫, সম্পূর্ণ স্পষ্ট-১০]
১.১ গবেষণার শিরোনামে স্পষ্টতা;
১.২ বিজ্ঞাপনে উপস্থাপিত ক্ষেত্রের সাথে সম্পর্কবদ্ধতার স্পষ্টতা।
০২. গবেষণা প্রস্তাবনার কাঠামো অনুসরণে এবং প্রতিটি ক্ষেত্র উপস্থাপনার উপযোগিতা যাচাই (Introduction, Literature Review, Methodology and Workplan): [যথাযথ নয়-০, আংশিক যথাযথ- ৫০, যথাযথ- ৯০]
৩.১ বিষয়বস্তুতে গবেষণা উদ্দেশ্যের প্রতিফলন;
৩.২ উদ্দেশ্যের সাথে গবেষণা পদ্ধতির সম্পর্কের যথার্থতা;
৩.৩ গবেষণা স্তরের সাথে শৃঙ্খলিত সম্পর্ক;
৩.৪ গবেষণা পরিধির সাথে কর্মপরিকল্পনার সম্পর্ক।
০৩. উপাত্ত সংগ্রহের উপকরণ এর যথার্থতা (Appropriateness of Res. Tools): [বিজ্ঞপ্তি মোতাবেক গবেষণা বাজেট যথাযথ নয়-০, আংশিক যথাযথ =১০, সম্পূর্ণ যৌক্তিক = ২০]
০৪. গবেষণা বাজেট প্রণয়নে যৌক্তিকতা (Justification of Budget): [বিজ্ঞপ্তি মোতাবেক গবেষণা বাজেট যথাযথ নয়-০, আংশিক যথাযথ =১০, সম্পূর্ণ যৌক্তিক = ১০]
০৫. গবেষণাদলের সদস্যগণের যোগ্যতা (Eligibility of Research Team): [যথাযথ নয় = ০, আংশিক যথাযথ =০৫, পুরোপুরি যথাযথ = ৫০]
৫.১ দলনেতার যোগ্যতা ও প্রকাশনা;
৫.২ পরামর্শকের যোগ্যতা এবং সম্মতিপত্র জমাদান;
৫.৩ গবেষণা দলের সদস্যগণের গবেষণাকর্মের অভিজ্ঞতা ও প্রয়োজনীয় কাগজ সংযোজন।

বিশেষ দ্রষ্টব্য : গবেষণা প্রস্তাবনা মূল্যায়নের সময় গবেষণার কর্ম পরিধির সাথে বাজেটের সম্পর্ক বিবেচনাপূর্বক গবেষণা ক্যাটাগরি অনুযায়ী কত টাকা আর্থিক সাহায্য প্রদান করা যাবে কমিটির সদস্যগণ এ সম্পর্কে মতামত প্রদান করবেন।


২৬/১২/২০২৪
প্রফেসর ড. মোঃ সোফিয়ার হোসেন
বিশিষ্ট সোপান শিমা, আইডি-০৩৫৫
পত্রিকা (গবেষণা ও স্থানীয়)
কায় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নিবেদন)
মহানগর, যশোর, ঢাকা-১২০৫

পরিশিষ্ট -২

(গবেষণাকর্মের অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্ধারিত ছক)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

(গবেষণাকর্মের অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্ধারিত ছক)

- ১। গবেষণা প্রকল্পের শিরোনাম : -----
- ২। গবেষণা প্রকল্পের দলনেতা যে প্রতিষ্ঠানে কর্মরত তার ঠিকানা : -----
- ৩। (ক) গবেষণা প্রকল্পের দলনেতার নাম : -----
(খ) এই গবেষণায় যে সব ব্যক্তিকে নিয়োজিত করা হয়েছে তাঁদের ঠিকানা,
শিক্ষাগত যোগ্যতা ও বর্তমান পেশার বিবরণ (পরামর্শক ও দলের সদস্যসহ) :
- ৪। গবেষণাকর্ম শুরু ও সমাপ্তির নির্ধারিত তারিখ : -----
- ৫। গবেষণাকর্মের উদ্দেশ্যসমূহ যা অনুমোদন করা হয়েছিলো সেগুলোর বিবরণ :
- ৬। গবেষণাকর্মের যে পদ্ধতিসমূহ অনুসরণ করা হয়েছে, সেগুলোর বিবরণ :
- ৭। এ পর্যন্ত প্রাপ্ত ফলাফল :
- (৮) এ পর্যন্ত অর্জিত কাজের অগ্রগতি (নির্ধারিত উদ্দেশ্যসমূহের কতভাগ পূরণ করা হয়েছে তার বিবরণ) :
- ৯। উপসংহার :

সংযুক্ত প্রতিষ্ঠান প্রধান/পরামর্শকের প্রতিনিধিত্ব করে
তারিখ :

গবেষণা দলনেতার স্বাক্ষর
তারিখ :


প্রফেসর ড. মোঃ লোকমান হোসেন
বিসিএস (সাধারণ শিক্ষা) আইডি-০৩৫৮
সহকারী পরিচালক (গবেষণা ও তত্ত্বাবধান)
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়, ধানমন্ডি, ঢাকা-১২০৫

পরিশিষ্ট - ২

(গবেষণাকর্মের অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্ধারিত ছক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

(গবেষণাকর্মের চূড়ান্ত অগ্রগতি প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্ধারিত ছক)


- ১। গবেষণা প্রকল্পের শিরোনাম : -----
- ২। গবেষণা প্রকল্পের দলনেতার নাম : -----
- ৩। গবেষণায় প্রাপ্ত ফলাফলের সার সংক্ষেপ এক হাজার শব্দের মধ্যে লিখতে হবে (অবশ্যই Soft Copy জমা দিতে হবে)
- ৪। গবেষণায় অনুসৃত পদ্ধতি/পরীক্ষাসমূহ :
- ৫। ফলাফল ও আলোচনা :
(সারণী, লেখচিত্র, চার্ট, ইত্যাদি আকারে যখন যা প্রযোজ্য, এরূপ উপাত্ত সন্নিবেশিত করতে হবে)
- ৬। উপসংহার :

পরামর্শকের প্রতিস্বাক্ষর :

তারিখ :

গবেষণা দলনেতার স্বাক্ষর :

তারিখ :



প্রফেসর ড. মোঃ পৌরফার্মান হোসেন
বিডিএস (সাধারণ শিক্ষা), আইডি-০৩৫৮
পরিচালক (গবেষণা ও উন্নয়ন)
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়, ধানমন্ডি, ঢাকা-১২০৫


পরিশিষ্ট -৩

(গবেষণা প্রতিবেদনের চূড়ান্ত মূল্যায়ন সংক্রান্ত গাইডলাইন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষাবিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

গবেষণা প্রতিবেদনের চূড়ান্ত মূল্যায়ন সংক্রান্ত গাইডলাইন

- ১। গবেষণা শিরোনাম : -----
- ২। গবেষকের নাম ও ঠিকানা : -----
- ৩। গবেষণার উদ্দেশ্যাবলি (Objectives) পরিষ্কারভাবে ব্যাখ্যা করা হয়েছে কি না।
(ক) হ্যাঁ (খ) না
(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) : -----
- (৪) গবেষণার পরিধি (Scope) স্পষ্ট করা হয়েছে কি না। (ক) হ্যাঁ (খ) না
(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) : -----
- (৫) গবেষণায় যথাযথভাবে পদ্ধতি অনুসরণ করা হয়েছে কি না এবং উল্লিখিত পদ্ধতি যৌক্তিক ছিল কি না।
(ক) হ্যাঁ (খ) না
(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) : -----
- (৬) লিটারেচার রিভিউ যথাযথভাবে হয়েছে কি না (যদি এ পর্যালোচনা প্রয়োজন থাকে)।
(ক) হ্যাঁ (খ) না
(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) : -----
- (৭) প্রতিবেদনে ব্যবহৃত তথ্য (Data) পরিপূর্ণ এবং যুক্তিসঙ্গত মনে হয়েছে কি না।
(ক) হ্যাঁ (খ) না
(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) : -----
- (৮) তথ্যের বিন্যাস ও বিশ্লেষণ সন্তোষজনক হয়েছে কি না। (ক) হ্যাঁ (খ) না
(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) : -----


প্রফেসর ড. সৌঃ মোকাম্মল হোসেন
ডিসিএস (সাধারণ শিক্ষা), আইডি-০৩৫৮
পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
শিক্ষা মন্ত্রণালয়, ধানমন্ডি, ঢাকা-১২০৫

(৯) গবেষণার উদ্দেশ্যাবলি অনুযায়ী প্রতিবেদন রচিত এবং তথ্য উপাত্ত উপস্থাপিত হয়েছে কি না।

(ক) হ্যাঁ (খ) না

(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) :

(১০) গবেষণার উদ্দেশ্যাবলি এবং যে সমস্ত বিষয়ে আলোচনা ও বিশ্লেষণের প্রতিশ্রুতি গবেষক দিয়েছিলেন সে অনুযায়ী তিনি কাজ সম্পন্ন করেছেন কি না।

(ক) হ্যাঁ (খ) না

(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) :

১১। প্রতিবেদনে লিপিবদ্ধকৃত উপাত্ত, তথ্য, বিশ্লেষণ ও বর্ণনায় পারস্পরিক সমন্বয় (Consistency) বজায় আছে কি না।

(ক) হ্যাঁ (খ) না (গ) আদৌ নেই

(ঘ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) :

১২। রেফারেন্সিং যথাযথভাবে হয়েছে কি না। (ক) হ্যাঁ (খ) না (গ) আদৌ নেই

(ঘ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) : -----

১৩। গবেষণাকর্মের উপসংহারে সন্নিবেশিত উদ্দেশ্য এবং তথ্যের উপকরণের সঙ্গে সংগতিপূর্ণ কি না।

(ক) হ্যাঁ (খ) না (গ) আদৌ নেই

(ঘ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) :

১৪। প্রয়োজনীয় গ্রন্থপঞ্জি যথাযথভাবে লেখা হয়েছে কি না।

(ক) হ্যাঁ (খ) না (গ) আদৌ নেই

(ঘ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) :

১৫। প্রতিবেদনটি বড় রকমের সম্পাদনার (editing) প্রয়োজন রয়েছে কি না।

(ক) হ্যাঁ (খ) না

(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) : -----

(১৬) গবেষণাটি মৌলিকতা/স্বকীয়তা কিংবা সংশ্লিষ্ট বিষয়ে নতুন জ্ঞান সৃষ্টিতে কোন রকম অবদান রাখতে সক্ষম হবে কি না সে বিষয়ে সংক্ষেপে আপনার মন্তব্য দিন।

(১৭) এ গবেষণা এবং গবেষণা প্রতিবেদনের গুরুত্ব ও গুণগতমান সম্পর্কে আপনার চূড়ান্ত মন্তব্য লিখুন।

(১৮) প্রতিবেদনটি জার্নালে প্রকাশের উপযুক্ত কি না।


(ক) হ্যাঁ (খ) না

(গ) সংক্ষেপে অন্য কোন মন্তব্য (যদি থাকে) : -----

মূল্যায়নকারীর স্বাক্ষর :

নাম :

ঠিকানা :


প্রফেসর ড. মোঃ শোকাহমান হোসেন
বিদ্যাপাঠ (সাধারণ শিক্ষা), আইডি-৩৩৫৮
পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)
শ্রী শিক্ষা সংস্থাপনা একাডেমি (নিজস্ব)
বঙ্গগারম, ধানমন্ডি, ঢাকা-১২০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশিক্ষণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর	৩০৪৯
তারিখ	১৬/৯/১৯
পরিচালক	প্র.উ.শ্বা. (গা.এ.এ)
উপপরিচালক	
সহকারী পরিচালক	
প্রশাসনিক কর্মকর্তা	
মিস্টার রফিক কর্মকর্তা	

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৪.১৮.০০৬.১৮.২৭২

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬

১৫ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নোয়েম)-এর খসড়া গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৮ এর আর্থিক বিষয়ে মতামত প্রদান।

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০২.২০.০০২.১৫-৫৫৭, তারিখ: ০২/০৯/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিশ্লেষ্টিতে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নোয়েম)-এর খসড়া গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৮ এর আর্থিক বিষয়ে অর্থ বিভাগের ০২/০৯/২০১৯ তারিখের ৭.০০.০০০০.১০২.২০.০০২.১৫-৫৫৭ নং স্মারকে বর্ণিত মতামতের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপরিচালক
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী

১৫-৯-২০১৯

নো: ইব্রাহিম হুসাইন

উপসচিব

ফোন: ৯৫৪৬৫৬৫

ইমেইল:

moe.trainingsection@gmail.com

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৪.১৮.০০৬.১৮.২৭২/১(২)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬

১৫ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপ-সচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ

১৫-৯-২০১৯

নো: ইব্রাহিম হুসাইন

উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশিক্ষণ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর	৩০৪৯
তারিখ	১৫/১১/১৯
পরিচালক	ডাঃ মোঃ জায়েদুল হক
উপপরিচালক	
সহকারী পরিচালক	
প্রশাসনিক কর্মকর্তা	
হিসাব রক্ষণ কর্মকর্তা	

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৪.১৮.০০৬.১৮.২৭২

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬

১৫ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নোয়েম)-এর খসড়া গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৮ এর আর্থিক বিষয়ে মতামত প্রদান।

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১০২.২০.০০২.১৫-৫৫৭, তারিখ: ০২/০৯/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নোয়েম)-এর খসড়া গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৮ এর আর্থিক বিষয়ে অর্থ বিভাগের ০২/০৯/২০১৯ তারিখের ৭.০০.০০০০.১০২.২০.০০২.১৫-৫৫৭ নং স্মারকে বর্ণিত মতামতের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপরিচালক
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী

মো: ইব্রাহিম ভূঞা
উপসচিব
ফোন: ৯৫৪৬৫৬৫
ইমেইল:

moe.trainingsection@gmail.com

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৪.১৮.০০৬.১৮.২৭২/১(২)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬
১৫ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপ-সচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ

মো: ইব্রাহিম ভূঞা
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১
বাজেট অধিশাখা-২
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০২.২০.০০২.১৫- ০৫০৭

তারিখঃ ০২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ
১৮ ডায়, ১৪২৬ বঃ

বিষয়ঃ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নোয়েম)-এর খসড়া গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৮ এর আর্থিক বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।

সূত্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৪.১৮.০০৬.১৮.১৩, তারিখঃ ১৩ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নোয়েম)-এর খসড়া গবেষণা নীতিমালা (সংশোধিত)-২০১৮ এর আর্থিক বিষয়ে নিম্ন ছকের ৫নং কলামে উল্লিখিত মতে নির্দেশক্রমে মতামত প্রদান করা হলোঃ

ক্রমিক নং	উদ্দেশ্যবোধ্য পরিবর্তনের ক্ষেত্রসমূহ	বিস্তারিত নীতিমালা-২০০৮	প্রস্তাবিত নীতিমালা (সংশোধিত)-২০১৮	অর্থ বিভাগের মতামত			
১	২	৩	৪	৫			
১।	গবেষণা কমিটি	গবেষণা কমিটির দু'টি অংশ ১. উপদেষ্টা কমিটি ২. কার্যকরী কমিটি	গবেষণা কমিটির তিনটি অংশ ১. উপদেষ্টা কমিটি ২. কার্যকরী কমিটি ৩. মূল্যায়ন কমিটি				
২।	কমিটিসমূহের কার্যক্রম	কার্যকরী কমিটি একই সাথে গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন ও অনুমোদনের কাজটি করতেন	গবেষণা প্রস্তাবনা মূল্যায়নের দায়িত্ব মূল্যায়ন কমিটির এবং কার্যকরী কমিটির দায়িত্ব অনুমোদনের কাজটির পরে				
৩।	সভাপতি	নোয়েম-বিভাগ-নির্দেশক	সহপরিচালক, নোয়েম				
৪।	গবেষণা প্রকল্পের আয়স্বর	ছোট ও বড় গবেষণা নামে বিভক্ত ছিল	সকল গবেষণা একই ধরনের হবে।				
৫।	গবেষণা প্রকল্পের বাজেট	ছোট গবেষণা: ১.৫০ লক্ষ টাকা বড় গবেষণা: ১.৫০-২.০০ লক্ষ টাকা	প্রতিটি গবেষণা প্রকল্পের বাজেট ন্যূনতম ৫.০০ লক্ষ টাকা এবং তদুর্ধ্ব।	সর্বোচ্চ ৪.০০ লক্ষ টাকা			
৬।	গবেষণা খাতে বাজেট বিভাজন	ছোট-বাজেট বিভাজনের (শতকরা হার) ছিল না	মোট বাজেট ৮০:২০ হারে বিভাজিত হবে। ৮০% গবেষণাদলসমূহকে বরাদ্দ দেয়া হবে। ২০% গবেষণা পরিচালনা ফান্ডে ব্যয়কৃত হবে।				
৭।	চূড়ান্ত গবেষণা অনুমোদনের বন্দে মূল্যায়ন	চূড়ান্ত গবেষণা প্রতিবেদন কোন ব্যবস্থা ছিল না	মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়নপূর্বক চূড়ান্ত গবেষণা প্রতিবেদন মূল্যায়ন কমিটির সুপারিশ ও প্রস্তাবন সাপেক্ষে বিভাগীয় স্তরে করতে হবে। প্রতিটি চূড়ান্ত গবেষণা প্রতিবেদন মূল্যায়ন নামে হবে ৩,০০০/- (তিন হাজার) টাকা				
৮।	মূল্যায়ন কমিটির সম্মানী	প্রত্যেক মূল্যায়নকারী প্রতিটি গবেষণা প্রস্তাবনা মূল্যায়ন বাবদ ৫০০/- টাকা হারে সম্মানী পেতেন।	একটি গবেষণা প্রস্তাবনা অনুমোদনের উদ্দেশ্যে ০৩(তিন) জন নির্দেশক সদস্য কর্তৃক প্রাক-মূল্যায়ন বাবদ ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা ব্যয় হবে। মূল্যায়নকারীগণ প্রতি গবেষণা প্রস্তাবনার বিপরীতে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে সম্মানী পাবেন।				
৯।	গবেষণা কমিটির সম্মানী	গবেষণা কমিটির সভ্য/সিনিয়রের অংশগ্রহণকারী সদস্যগণের সম্মানী নিম্নরূপ :					
		৩১তম বিওজি সভায় অনুমোদিত		৩৬তম বিওজি সভায় অনুমোদিত			
	ক্রমিক	পদের নাম	সম্মানীর হার	ক্রমিক	পদের নাম	সম্মানীর হার	
	০১	প্রধান উপদেষ্টা	২০০০.০০	০১	মুখ্য উপদেষ্টা (শিক্ষা সচিব)	৪০০০.০০	৩৫০০.০০
	০২	উপদেষ্টা (জনপ্রতি)	১৫০০.০০	০২	উপদেষ্টা (জনপ্রতি)	৩০০০.০০	২৫০০.০০
	০৩	সভাপতি	১৫০০.০০	০৩	সভাপতি	৩০০০.০০	৩০০০.০০
	০৪	সহসভাপতি	১৫০০.০০	০৪	সহসভাপতি	৩০০০.০০	২৫০০.০০
	০৫	সদস্য (জনপ্রতি)	১০০০.০০	০৫	সদস্য (জনপ্রতি)	২০০০.০০	২৫০০.০০
	০৬	সদস্য সচিব	১০০০.০০	০৬	সদস্য সচিব	২০০০.০০	২৫০০.০০
	০৭	সমন্বয়কারী	১০০০.০০	০৭	সমন্বয়কারী পদটি থাকবে না		একমত

পূর্ব পত্রার পর

-০২-

১০।	৩১তম বিওজি সভায় অনুমোদিত				৩৬তম বিওজি সভায় অনুমোদিত			
	জাতীয় বা আঞ্চলিক গবেষণা সম্মেলন	০১	মূল ধারণাপত্র প্রণয়ন ও উপস্থাপন (জনপ্রতি)	৫০০০.০০	০১	মূল ধারণাপত্র প্রণয়ন ও উপস্থাপন (জনপ্রতি)	৫০০০.০০	অর্থ বিভাগের ০৭.০৬.২০২৮ খ্রিঃ তারিখের ১৮৮ নং স্মারক অনুশরণযোগ্য
	০২	বহিরাগত বিষয় বিশেষজ্ঞ (জনপ্রতি)	১০০০.০০	০২	বিষয় বিশেষজ্ঞ (অধিবেশন প্রতি)	৩৫০০.০০		
	০৩	বহিরাগত প্রদক্ষিণার্থী/ অংশগ্রহণকারী	৫০০.০০	০৩	র‍্যাপোটিয়ার (জনপ্রতি)	২৫০০.০০		
	০৪	বিষয় বিশেষজ্ঞ	৬০০.০০	০৪	উপস্থাপক (জনপ্রতি)	৩০০০.০০		
	০৫	র‍্যাপোটিয়ার (জনপ্রতি)	৭৫০.০০	০৫	আমন্ত্রিত অংশগ্রহণকারী (জনপ্রতি)	১৫০০.০০		
	০৬	উপস্থাপক (জনপ্রতি)	৫০০.০০	০৬	নায়মের অংশগ্রহণকারী/ প্রদক্ষিণার্থী	১০০০.০০		
	০৭	নায়মের অংশগ্রহণকারী/ প্রদক্ষিণার্থী	২০০.০০					


অনিছ হোসেন
(অনিছ হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৬০২৯

সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ উপসচিব, প্রশিক্ষণ শাখা।

অনুলিপিঃ

১/ মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
২/ অফিস কপি।